BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২০৬১/২০১৪/৮৮

তারিখঃ ১৮ মার্চ ২০১৫ ইং

জয়তুন সিকিউরিটিজ ইন্টারন্যাশনাল লিমিটেড
ইত্তেফাক ভবন, ৬ষ্ঠ তলা
১, আর.কে মিশন রোড
ঢাকা-১২০৩

বিষয়: আদেশ।

কমিশনের মার্চ ১৮, ২০১৫ ইং তারিখের আদেশ নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/২০৬১/২০১৪/৮৫ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্সংগে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মোঃ ইউসুফ ভূইয়া
উপ-পরিচালক

বিতরনঃ

প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড
প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড

অবগতির জন্য অনুলিপিঃ

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি
২। নির্বাহী পরিচালক, সার্ভেইল্যান্স, বিএসইসি
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি
৪। *চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি*

**BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION**
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২০৬১/২০১৪/৮৫ তারিখঃ১৮মার্চ ২০১৫ ইং

## আদেশ

যেহেতু, কমিশন, Joytun Securities International Limited (ডিএসই টিআরইসি নং-১৪৮) কে তার আবেদনক্রমে, নির্ধারিত শর্তাধীনে সিকিউরিটিজ ক্রয় বিক্রয় কর্মকান্ড পরিচালনা করার জন্য 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত) 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(৫) সহ পঠিত স্টকব্রোকার/ডিলার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট প্রদান করেছে;

যেহেতু, কমিশন এর আদেশ নং SEC/SRI/INS/DSE-MEM/2010/1031 dated September 17, 2013 এর মাধ্যমে Joytun Securities International Limited এ পরিদর্শনের জন্য একটি কমিটি গঠিত হয় এবং উক্ত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and contraventions নিম্নরূপ:

Quote: "1. It appears in the Back office ledger statement, Joytun Securities Intl Limited has been made short sale of the following item:

| Date | House | BOID | Scripts | Remark |
|---|---|---|---|---|
| 12.08.2013 | JSIL Broker | 1202800049557850 | Lankabafin | |
| 14.08.2013 | " | 1202800040217961 | Argondenim | |
| 08.09.2013 | " | 1202800020011991 | Bangas | |
| 13.09.2013 | " | 1202800006339005 | Janatains | |
| 25.08.2013 | " | 1202800017142148 | fuwangfood | |

**Contravention:**
Thus from the aforesaid activities, it is evident that Joytun Securities Int Limited has violated 4(1) Dhaka stock Exchange (Short-Sale) Regulation, 2006

2. It appears in the Consolidated Customer Account Bank statement, Joytun Securities Intl Limited has been maintain six (6) consolidated customer bank accounts and Islami Bank BD Ltd has two accounts.

**Contravention:**
The aforesaid activities by the Joytun Securities Int Limited has violated of Section 8 A (1) of Securities and Exchange Rules, 1987.

3. Joytun Securities Int. Limited extended margin loan facility to buy "Z" category shares to its clients, which are shown in the following tables:

Md.Heru Mia
BOID: 1202800030201725

| Date | Name of "Z" category Instrument | Buying amount of "Z" category Instrument | Ledger balance/ Closing balance Tk. |
|---|---|---|---|
| 4.1.2012 | | | -2, 78,022.10 |
| 5.1.2012 | Lafsurma | 1000 | -2, 98,022.10 |

Md.Mizanur Rahman
BOID: 1202800019020559

| Date | Name of "Z" category Instrument | Buying amount of "Z" category Instrument | Ledger balance/ Closing balance (In Tk.) |
|---|---|---|---|
| 06.02.2011 | - | - | -1, 99,23 |
| 07.02.2011 | Lafsurma | 50 | - 2, 20,838.6 |

Md.Assaduzzaman Khan
BOID: 1202800020948142

| Date | Name of "Z" category Instrument | Buying amount of "Z" category Instrument | Ledger balance/ Closing balance (In Tk.) |
|---|---|---|---|
| 28.09.2010 | - | - | -10, 02,911.90 |
| 29.09.2010 | MidasFin | 50 | -9, 57,994.00 |

**Contraventions:** From the aforesaid activities it is evident that the Broker has violated the Commission Directive No.SEC/CMRRCD/2001-43/169 dated October 01, 2009 by extending margin loan facility to "Z" category company.

4. Joytun Securities Int Limited provided huge credit/cash facilities to its Clients without margin arrangement. Couples are depict as follow:

a.Mr. Shariful Alam client BOID-1202800040261224

| Buy date | Ledger closing balance |
|---|---|
| 8.10.2012 | -18, 66,778.40 |
| 10.10.2012 | -39, 19,210.90 |

Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd

6. The Audited Financial Report of Joytun Securities Int Limited for the year ended on June 30, 2013 was examined and the following amounts were found short fall in consolidated customer accounts.

| | |
|---|---|
| Payable to Clients | 5, 97, 76,412 |
| Add: Payble to DSE | 10, 77,322 |
| Total Payable | 6, 08, 53,734 |
| Less: Receivable from DSE | 61, 79,353 |
| | 5, 46, 74,381 |
| Less: Cash | 42, 32,814 |
| Deficit in Consolidated Accounts | **5, 04, 41,567** |

**Contravention**: The aforesaid activity is a violation of Section 8A (1) & (2) of Securities and ExchangeRules, 1987 and Section 1 and 6 of দ্বিতীয় তফসিল of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০; by maintained deficit in their Consolidated Customers Bank Account.

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য Joytun Securities International Limited এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং- SEC/Enforcement/2065/2061/2014/713 তারিখ ১০ ই ডিসেম্বর ২০১৪ ইং প্রেরণ করে এবং ১৫ ই ডিসেম্বর ২০১৪ ইং তারিখে শুনানীর দিন ধার্য্য করে এবং ধার্য্যকৃত তারিখে Joytun Securities Limited এর প্রতিনিধি উপস্থিত হয়ে ১৫ ই ডিসেম্বর ২০১৪ ইং তারিখের পত্রের মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ আছেঃ-

**Quote:** যথাযথ সম্মানের সহিত জানাইতেছি যে, পত্রানুযায়ী আমরা ৬ (ছয়) টি কারনে সিকিউরিটিজ আইন লংঘন করেছি- যাহার বনিয়াদে ১৫/১২/১৪ তারিখে সকাল ১১:১৫ মিঃ শুনানীতে হাজির হয়ে নিম্নলিখিত বক্তব্য সানুনয় অনুগহের আশায় প্রদান করিতেছি।

১) সর্টসেলঃ- ১২.০৮.১৩ তাং এ লংকাবাংলা, ১৪-০৮-১৩ তাং এ আরগন ডেনিম, ০৮-০৯-১৩ তাং এ বংগজ , ১৩-০৯-১৩ তাং এ জনতা ইন্সুরেন্স ও ২৫-০৮-১৩ তাং এ ফুওয়াং ফুড শেয়ারগুলি সর্ট সেল হয়েছে।যাহা ঢাকা স্টক এক্সচেঞ্জ এর ৪ (১) আইন-২০০৬ লংঘন হয়েছে।আসলে উহা আমাদের ইচ্ছাপূর্বক হয়নি। এই দিন গুলিতে ক্লায়েন্টের অতিরিক্ত সমাবেশের (ভীড়) কারনে আমাদের ট্রেডারগন যাচাই বাছাই করার সুযোগ না পাওয়া হেতু উহা সংগঠিত হয়। কারন জেনে শুনে কেউ কখন ও আইন লংঘন করেনা। অনিচ্ছাকৃত এ ক্রটির কারনে আমরা মহানুভবের দরবারে ক্ষমা লাভের জন্য আকুল আবেদন জানাইতেছি।

২) কাস্টমার ব্যাংক একাউন্টঃ অএ প্রতিবেদনে আমরা সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন আইন ৮-এ (১) ১৯৮৭ লংঘন করেছি। এ প্রসংগে আমাদের বক্তব্য এই যে, আমাদের ঢাকায় ৩টি (উওরা, লালমাটিয়া ও মতিঝিল) খুলনা ও যশোরে ১ টি করে। ৫ টি ব্রাঞ্চ ১ টি করে কাস্টমার ব্যাংক এ্যাকাউন্ট বিদ্যমান শুরু থেকেই। কিন্তু খুলনা ব্রাঞ্চের ভবনে আকস্মিকভাবে এস আইবিএল ব্যাংক ওপেন হওয়ায় আমরা লেনদেনের নিরংকুশ নিরাপওার কারনে ওখানে কাস্টমার এ্যকাউন্ট খুলে লেনদেন করিতেছি। এই কারনে ৫ টি ব্রাঞ্চের ৫ টি কাস্টমার এ্যাকাউন্টের স্থলে ৬ (ছয়টি) ব্যাংক হিসাব খোলা হয়েছে।

আমাদের ক্লায়েন্ট উওর বংগ থেকে নোয়াখালী অঞ্চল পর্যন্ত বিদ্যমান এবং বহু ক্লায়েন্ট ইসলামী ব্যাংকের স্টাফ । উল্লেখ্য যে বাংলাদেশে প্রথমে এক মাত্র ইসলামি ব্যাংকই অন-লাইনে নগদ লেনদেনের পদ্ধতি শুরু হয়।এ কারনে দৈনন্দিন লেনদেন সুসম্পন্ন করার জন্য প্রথমে আমরা ইসলামী ব্যাংকের লোকাল অফিস বাঞ্চে কাস্টমার হিঃ খুলি এবং পরবর্তিতে ব্যাংকের মতিঝিল শাখা ( আমাদের হাউজের পাশেই) খুললে লোকাল অফিস ব্রাঞ্চ থেকে হিসাব বন্ধ করে মতিঝিল শাখায় হিসাব খুলি। ইহাতে আমাদের ক্লায়েন্টের দেশের বিভিন্ন স্থান থেকে টাকা পাঠানর সুযোগ হওয়ায় আমরা এভাবে এই দুইটি ইসলামী ব্যাংকে হিসাব খুলে প্রাত্যাহিক লেন- দেন চালিয়ে আসছি।কারন আমাদের অন্যান্য ব্যাংকের অন- লাইন সিস্টেম এখন ও চালু হয় নাই। অতএব অনভিপ্রেত এ অসুবিধায় আমরা কাজ চালাইতেছি। ইহাতে যে আইন লংঘন হয়েছে তার জন্য আন্তরিকভাবে দুঃ খিত! সহদয় পরামর্শানুযায়ী কার্যক্রম চালাইতে আমরা বাধ্য থাকিব।

৩) মার্জিন লোন হিসাবে "জেড" ক্যাটাগরি শেয়ার লেনদেন প্রসংগে ৫/১/১২ তাং এ হিরু মিয়ার কোডে লাফার্জসুরমা ১০০০, ৭/২/১১ তারিখে মোঃ মিজানুর রহমান এর কোডে লাফার্জ সুরমা- ৫০ এবং মোঃ আসাদুজ্জামান খান এর কোডে ২৯/০৯/১০ মাইডাস ফিন- ৫০ টা মার্জিন কোডে ডেবিট থাকা অবস্থায় ক্রয় করে এসইসি/ সি এম আর আর সিডি/ ২০০১-৪৩ /১৬৯ তাং ০১/১০/২০০৯ আইন লংঘিত

**BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION**
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

হয়েছে।এখানে আমাদের বক্তব্য মহানুভব যে, বছরে ২/১ টা ভুল হয়। যাহা কোনক্রমেই আমাদের ইচ্ছাকৃত নয়। অত্যাধিক ক্লায়েন্ট সমাবেশে কারনে এমতাবস্থায় পড়েছি। যাহা আপনাদের একান্ত অনুগ্রহের জন্য আমরা ক্ষমাপ্রার্থী।

৪) মার্জিন বহির্ভুত ক্লায়েন্ট হিসাবে ডেবিট প্রদানঃ- ইহা ১৯৯৯ সালের ৩ নং আইন লংঘন হয়েছে। জনাব শরিফুল আলম ১০-১০-১২ তারিখে এবং ওমর ফারুখ ৩০-০১-১১ থেকে ২/২/১১ পযর্ন্ত বিষয়টি অনাকাংখিত। ক্লায়েন্ট বলেছেন বাই করুন আমি টাকা / চেক দেব কিন্তু সেদিন বা পরদিন তিনি না দেওয়ায় এমতাবস্থার সৃষ্টি হয়েছে। এজন্য আমরা আন্তরিকভাবে ক্ষমাপ্রার্থী এবং ভবিষ্যতে যেন এমন না হয় সে জন্য সচেষ্ট থাকার অঙ্গীকার করিতেছি।

৫) জয়তুন সিকিউরিটিজ এর ডাইরেক্টদের কোডে ডেবিট হওয়া প্রসংগেঃ- ইহা প্রভিশন প্যারা ২ কমিশন ডিরেক্টিভ নং এসইসি/ সি এম আর আর সি ডি/ ২০০১-৪৩/৫১ তাং ২২-০৭-১০ অনুযায়ী আইনের বরখেলাপ। ডিরেক্টির নং ঃ বিএসএসি ডিরেক্টর নং SEC/CMRRCD/ 2001-43/ dated 22-07-2010 section 8A 1) & 2) of Securities and Exchange Rules এর ডেবিট হয়েছে ২০০৭, ২০০৮,২০০৯ এবং ২২/০৭/১০ সালে। ডাইরেক্টর গন ডেবিট করতে পারবেনা বিষয়টির আইন ২০১০ এ জানার পর উক্ত কোড গুলিতে আর ডেবিট করে নাই। বিষায়টি ক্ষমার দৃষ্টিতে দেখার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি।

৬) কনসলিডেটেড কাস্টমার হিসাবের টাকা ৩০ শে জুন, ২০১৩ তে ঘাটতি প্রসংগেঃ- ইহা সেকশন ৮/এ (১) ও (২) এসইসি এবং সেকশন ১১৬- ২য় তফসিল এসইসি ( স্টক ডিলার, স্টক ব্রোকার) বিধিমালা ২০০০ এর পরিপন্থি । কনসলিডেটেড কাস্টমার একাউন্টে ৫,০৪,৪১,৫৬৭ টাকা ঘাটতি আছে। প্রসংগত উল্লেখ্যযে, এই ব্রোকার হাউসের শুরু থেকে এ পযর্ন্ত এমতাবস্থা কখনো হয় নাই। ডিএসই'র লেনদেন বা ক্লায়েন্টদের লেনদেনে ও কখনও ঘাটতি হয় নাই। কখন ও কোন লেনদেন সংক্রান্ত আপত্তি ডিএসই বা এসইসিতে উত্থাপনও হয় নাই । আমরা সময় পেলে অতি শিঘ্রই এই ঘাটতি পূরনে বাধ্য থাকিবো। বিষয়টির জন্য মহানুভবের নিকট সময় প্রার্থনা করিতেছি।

**Unquote**

Joytun Securities International Limited এর লিখিত বক্তব্য কমিশনের বিবেচনায় গ্রহনযোগ্য হয়নি, যা সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতা বিধায় section 22 of the Securities and Exchange Ordinance, 1969 অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ এবং যা ক্ষমার অযোগ্য;

যেহেতু উক্ত ব্রোকার/ডিলার এর সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লেখিত ব্যর্থতার বিষয়ে উক্ত ব্রোকার/ডিলার কতৃক পরর্বতীতে এ ধরনের লংঘনের আর যাতে পুনরাবৃত্তি না ঘটে সে ব্যাপারে কোম্পানীকে অবহিত করার বিষয়ে কমিশন সিদ্ধান্ত গ্রহন করে; এবং

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে উক্ত ব্রোকার/ডিলার কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে Joytun Securities International Limited এর উপর ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

18/3/15

মোঃ আঃ সালাম সিকদার
কমিশনার

বিতরনঃ
জয়তুন সিকিউরিটিজ ইন্টারন্যাশনাল লিমিটেড
ইত্তেফাক ভবন, ৬ষ্ঠ তলা
১, আর.কে মিশন রোড
ঢাকা-১২০৩



... e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd